

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ অফিসারের কার্যালয়  
ডুমুরিয়া, খুলনা।  
www.dls.dumuria.khulna.gov.bd

স্মারক নং : ৩৩.০১.৪৭৩০.০০০.০৩.০০২.১৯.২৩০

তারিখ : ২৪/১১/২০১৯ খ্রিঃ

**“নোটিশ”**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে ০১ (এক) জন করে **ভলেন্টিয়ার ভ্যাক্সিনেটর** নির্বাচন করা হবে। নিম্নলিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে যোগ্য প্রার্থীর নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা, পাসপোর্ট সাইজের ছবি ২ কপি (সত্যায়িত কপি) ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীদের আগামী ০৮/১২/২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

**ভলেন্টিয়ার ভ্যাক্সিনেটর নিয়োগের শর্তাবলী :**

- ১। সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। বয়স ২৫-৪০ বছরের মধ্যে হতে হবে।
- ৩। শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি পাস হতে হবে।
- ৪। চাকুরীরত কোন প্রার্থীকে নিয়োগ দেওয়া যাবে না।
- ৫। প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিষয়ে ৩ মাসব্যাপী প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

**ডিপিপি শর্তানুযায়ী নিয়োগ প্রাপ্ত ভলেন্টিয়ার ভ্যাক্সিনেটদের সুবিধাদিঃ**

- প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রতিটি ভলেন্টিয়ার ভ্যাক্সিনেটদেরকে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- প্রকল্প থেকে প্রতিটি গবাদিপশুর জন্য (গরু/মহিষ/ছাগল/ভেড়া) প্রতি ডোজ ভ্যাক্সিন প্রদান বাবদ ৫/= (পাঁচ) টাকা করে সম্মানী প্রদান করা হবে।



(ডাঃ মোঃ শরিফুল ইসলাম)

উপজেলা প্রাণিসম্পদ অফিসার

ডুমুরিয়া, খুলনা।

ফোন : ০৪০২৫-৫৬০১৫

Email: [ulodumuria@gmail.com](mailto:ulodumuria@gmail.com)

তারিখ : ২৪/১১/২০১৯ খ্রিঃ

স্মারক নং : ৩৩.০১.৪৭৩০.০০০.০৩.০০২.১৯.২৩০(৭)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

- ১। প্রকল্প পরিচালক, পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরা রোগ নিয়ন্ত্রণ প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, খুলনা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা।
- ৪। উপজেলা কৃষি অফিসার, ডুমুরিয়া, খুলনা।
- ৫। উপজেলা সিনিয়র মৎস্য অফিসার, ডুমুরিয়া, খুলনা।
- ৬। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ, ডুমুরিয়া, খুলনা। বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো
- ৭। অফিস কপি।